কেন আমায় পাগল করে যাস
ওরে    চলে-যাওয়ার দল।
আকাশে বয় বাতাস উদাস,
পরান টলোমল ॥
প্রভাততারা দিশাহারা,
শরতমেঘের ক্ষণিক ধারা—
সভা ভাঙার শেষ বীণাতে তান লাগে চঞ্চল—
ওরে    চলে-যাওয়ার দল ॥
নাগকেশরের ঝরা কেশর
ধুলার সাথে মিতা।
গোধূলি সে রক্ত-আলোয়
জ্বালে আপন চিতা।
শীতের হাওয়ায় ঝরায় পাতা,
আম্‌লকী-বন মরণ-মাতা,
বিদায়বাঁশির সুরে বিধুর সাঁঝের দিগঞ্চল—
ওরে    চলে-যাওয়ার দল ॥

---

Parjaay: Prem, Taal: Teyora, Raag: Ramkeli
Visit www.geetabitan.com for notation and other detail